

মফস্বলের কলেজগুলোতে  
অনার্স কোর্স চালু করায়  
প্রকৃত মেধার বিকাশ  
বিঘ্নিত হচ্ছে

পিএসসি চেয়ারম্যান

রাজশাহী ব্যুরো

পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) চেয়ারম্যান ড. সাদত হোসাইন বলেছেন, শিক্ষা প্রসারণের নামে মফস্বলের কলেজে অনার্স কোর্স চালু করায় প্রকৃত মেধার বিকাশ বিঘ্নিত হচ্ছে। মফস্বলের এসব কলেজে ইংরেজি ও অর্থনীতিসহ বিভিন্ন ধরনের কঠিন ও জটিল বিষয়ে অনার্স পড়ানোর সুযোগে মেধার বিকাশ ঘটেছে না। অবকাঠামোগত দুর্বলতা, যোগ্য শিক্ষকের অভাবসহ বিভিন্ন ধরনের জটিলতা সৃষ্টির কারণে এসব কলেজে অধ্যয়নকৃত মেধাবী শিক্ষার্থীরা শিক্ষার পরিপূর্ণ সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। বিশ্বব্যাংকের সহযোগিতায় এবং পিএসসির উদ্যোগে বুধবার নগরীর একটি চাইনিজ রেস্টুরেন্টে অনুষ্ঠিত 'কোটা সিস্টেম ফর নিউজ সার্ভিস রিক্রুটমেন্ট' শীর্ষক এক সেমিনারে সভাপতির বক্তব্যে ড. সাদত হোসাইন এসব কথা বলেন। সেমিনারে সাবেক সচিব ড. আকবর আলী খান ও কাজী রফিকউদ্দিন প্রণীত বুল প্রবন্ধ উপস্থাপন করেন কাজী রফিকউদ্দিন। সেমিনারে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মামুনুল কেরামত, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রয়েট) উপাচার্য প্রফেসর ড. মোস্তাফিজুল হক, দিনাজপুর শিক্ষা হচ্ছে : পৃষ্ঠা ১৫ : কলাম ২

হচ্ছে : বিঘ্নিত

(৩য় পৃষ্ঠার পর)

বোর্ডের সাবেক চেয়ারম্যান প্রফেসর গফিদুল আলম, মহিলা পরিষদ রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদিকা প্রফেসর মাতব্বা কলিতা বেগম, পিএসসির মুখ্য সচিব নাবুদুদ রহমান, নূর হুমিন রিজভী স্বীকৃতিস্বীকার, সাংবাদিক দিয়াকত আলী, রাজশাহী সাংবাদিক ইউনিয়নের সভাপতি হাসান নিল্লাত প্রমূখ।